

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫৮০

তারিখঃ ২৭/০৫/২০১৮ খ্রিঃ
সময়ঃ বিকাল ২.৩০ টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ২৭ মে/২০১৮ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

রাজশাহী, রংপুর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো/দমকা হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়া ও বিজলী চমকানোসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধাণতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ খুলনা ও রাজশাহী বিভাগের কোথাও কোথাও মৃদু তাপপ্রবাহ বয়ে যেতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন)ঃ : কোন উল্লেখযোগ্য পরিবর্তন হবে না।

গত২৪ ঘন্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ০৯ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
জাফলং	১০২.০	জকিগঞ্জ	৬০.০
ছাতক	৮৮.০	লাটু	৬০.০
লালাখাল	৮০.০	কানাইঘাট	৪৬.০

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস)ঃ

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৮	৩২.৭	৩৫.০	৩৪.৪	৩৬.২	৩২.৫	৩৬.০	৩৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.০	২৫.৪	২৫.৬	২৪.৩	২৭.০	২২.০	২৬.৬	২৬.৮

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রাঃ সর্বোচ্চ তাপমাত্রা রাজশাহী ৩৬.২° এবং সর্বনিম্ন রাজারহাট ২২.০°সেঃ।

নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

পর্ববেষ্টিত/পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০৫
বৃদ্ধি	৪৭	তথ্য পাওয়া যায় নাই	০৫
হ্রাস	৩৭	বিপদসীমার উপরে	০

অদ্য দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা এবং সুরমা-কুশিয়ারাসহ আপার মেঘনা অংশের নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে।
- বাংলাদেশ ও ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় ভারতের আসাম-মেঘালয় অংশে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

২৭/০৫/১৮
২০১৮

